

এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭
কুমিল্লা, রাজশাহী, দিনাজপুর, যশোর, সিলেট বোর্ড

কৃষিশিক্ষা ২য় পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২|৪|০

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০

দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।

১। লাবু কৃষি বিষয়ক মাসিক পত্রিকা 'কৃষি কথা'-র সদস্য। এই পত্রিকার একটি প্রতিবেদন পড়ে জানতে পারে যে, বর্ষা মৌসুমে বিশেষ এক ধরনের মাঠ ফসল ও মাছের সমন্বিত চাষ করা যায়। যে সব জমিতে পানির স্থায়িত্ব ৩-৪ মাস এবং পানির গভীরতা ১০-১২ সে.মি. হয়, সেসব জমিতে এই ফসল ও মাছের সমন্বিত চাষ করা যায়। সে মৎস্য কর্মকর্তার কাছ থেকে জমি তৈরি ও কয়েকটি ব্যবস্থাপনার পরামর্শ গ্রহণ করে বেশ লাভবান হয়।

- ক. প্লাঙ্কটন কী? ১
খ. মাছের অর্থনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. লাবুর সমন্বিত চাষ পদ্ধতিটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'সমন্বিত চাষ পদ্ধতিটি অর্থনৈতিকভাবে লাভজনক'- মূল্যায়ন কর। ৪

২। নিচের চিত্র দুইটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-১



চিত্র-২

- ক. সম্পূরক খাদ্য কী? ১
খ. কী কী কারণে মাছ রোগাক্রান্ত হয়? ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১ ও চিত্র-২ এর মধ্যে কোনটি উপকূলীয় অঞ্চলে চাষের উপযুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-১ ও চিত্র-২ এর বৈশিষ্ট্যগত পার্থক্য বিশ্লেষণ কর। ৪
৩। মনি তার এক একর জমির পুকুরে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে একটি হাঁসের খামার গড়ে তোলে। কিছু দিন পর দেখল যে, ২/১ হাঁসের নাক মুখ দিয়ে তরল পদার্থ বের হচ্ছে এবং হাঁসগুলো আলো দেখে ভয় পাচ্ছে। সে দ্রুত স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে যোগাযোগ করে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। প্রাণিসম্পদ কর্মকর্তা তার খামারে আদর্শ প্রতিপালন পদ্ধতি অনুসরণ করতে বলেন।

- ক. অধিক ডিম উৎপাদনকারী একটি মুরগির জাতের নাম লেখ। ১
- খ. কবুতর পালন সুবিধাজনক কেন? ব্যাখ্যা কর। ২
- গ. মনির খামারে কোন রোগের প্রাদুর্ভাব ঘটেছে? উক্ত রোগের কারণ ও লক্ষণগুলো ব্যাখ্যা কর। ৩
- ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শ অনুযায়ী মনি তার খামারের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করবে? বিশ্লেষণ কর। ৪

৪। সাঈদ ও সুমন দুই বন্ধু। সাঈদের হাঁস পালন পদ্ধতি হলো- রাতে হাঁসগুলো ঘরে থাকে এবং দিনের বেলায় ঘরের পাশে একটি পুকুরে সারাদিন বিচরণ করে। কিন্তু সুমন হাঁসগুলোকে সারাদিনের জন্য সকাল ১০টার দিকে ছেড়ে দেয় এবং রাতে ঘরে আবদ্ধ রাখে। সে হাঁসগুলোকে কোন খাবার দেয় না।

- ক. ইনকিউবেটর কী? ১
- খ. বাংলাদেশে পোল্ট্রির প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
- গ. সুমনের হাঁস পালন পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩
- ঘ. সাঈদ ও সুমন দু'বন্ধুর মধ্যে কার হাঁস পালন পদ্ধতিটি বেশি উপযোগী? মূল্যায়ন কর। ৪

৫। মামুন ডেইরি ফার্ম করে আত্মকর্মসংস্থানের প্রত্যয় ব্যক্ত করে। সে প্রাণিসম্পদ 'কর্মকর্তার পরামর্শে সংকর জাতের গাভী পালনের সিদ্ধান্ত নেয়। এই জাতের গাভীর বর্ণ ছোট বড় সাদাকালো রঙে মেশানো। ভালই চলছিল মামুনের ডেইরি ফার্ম। কিন্তু কিছু দিন পর তার খামারের গরুগুলো অসুস্থ হয়ে পড়ে। প্রাণিসম্পদ কর্মকর্তা তার খামার পরিদর্শনকালে দেখেন যে, খামারটি বাঁশ ঝড়ের পাশে সঁয়াত সঁয়াতে স্থানে এবং পর্যাপ্ত আলো বাতাসের অভাব। তিনি খামারের জন্য উপযুক্ত স্থানের পরামর্শ দেন।

- ক. বকনা কী? ১
- খ. ব্ল্যাকবেঙ্গাল ছাগলের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ. মামুনের ডেইরি ফার্মের নির্বাচিত গাভীগুলো কোন জাতের? এদের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শ মোতাবেক মামুনের ডেইরি ফার্ম নির্বাচনের উপযুক্ত স্থানের বর্ণনা দাও। ৪

৬। শৈলেন সিরাজগঞ্জের একজন সমৃদ্ধ কৃষিজীবী। বাড়িতে ছোটখাটো একটি গরুর খামার গড়ে তুলেছেন। প্রতি বছর বন্যায় গবাদিপশুর খাদ্যের তীব্র সংকট হয়। তাছাড়া বন্যার সময় তার গরুগুলোর দেহের তাপমাত্রা অত্যধিক বেড়ে যায় এবং শরীর কাঁপতে থাকে। এ বছর তিনি প্রাণিসম্পদ

অধিদপ্তরে যোগাযোগ করে তার খামারের গবাদিপশুর সমস্যাগুলো সমাধানের জন্য প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শে তার বাড়ির পাশের জমিতে নেপিয়ার ঘাস চাষ করেন এবং বিশেষ প্রক্রিয়ায় বন্যার পূর্বেই তিনি সংরক্ষণের ব্যবস্থা করেন। এই সব পরামর্শে তিনি বিশেষভাবে উপকৃত হন।

- ক. 'হে' কী? ১
খ. পশুপালন গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. শৈলেনের খামারের গরুর কী রোগ হয়েছে? এ রোগের লক্ষণগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার বিশেষভাবে পশুখাদ্য সংরক্ষণের পদ্ধতি বিশ্লেষণ কর। ৪

৭। তানভীর সিদ্দিকী একজন বৃক্ষপ্রেমী। তিনি তার এলাকায় প্রায় ২০০ জন লোক নিয়ে ১০টি দলে বিভক্ত হয়ে রাস্তার দুইধারে শিশু, মেহগনি, দেবদারু, তাল, পাম ইত্যাদি বৃক্ষরোপণ করেন এবং যত্ন নিয়ে বড় করেন। দলগুলোর নিয়মিত পরিদর্শন, পর্যবেক্ষণের কারণে রাস্তার দু'পাশে বেড়ে ওঠা গাছগুলোর নান্দনিক সৌন্দর্য সবার দৃষ্টি আকর্ষণ করে। তানভীর সিদ্দিকীর এই মহৎ উদ্যোগের কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এ বছর তাকে পুরস্কৃত করেছে।

- ক. বন কী? ১
খ. কৃষিমেলার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে তানভীর সিদ্দিকী যে কাজগুলো করে থাকেন তা কোন ধরনের বনায়নের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. তানভীর সিদ্দিকীর সামগ্রিক কর্মকাণ্ড 'জীব বৈচিত্র্য রক্ষায় ও অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে'- মূল্যায়ন কর। ৪

৮। মেধাবী ছাত্র মানিক লাল শেরে-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জন করে। মানিক লাল তার এলাকার প্রান্তিক চাষীদের নিয়ে একটি 'কৃষি উন্নয়ন সংঘ' গড়ে তোলে, যেখানে 'সকলেই সকলের তরে, প্রত্যেকে আমরা পরের তরে' এর ভিত্তিতে স্বেচ্ছা প্রণোদিত হয়ে কাজ করবে। মানিক লালের এ উদ্যোগটি গ্রহণের পর ঐ বছরই তারা বিগত কয়েক বছরের তুলনায় ভালো ফসল উৎপাদনে সক্ষম হয়।

- ক. কৃষিক্ষণ কী? ১
খ. কৃষি উন্নয়ন শস্য পর্যায়ে ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে কৃষি উন্নয়ন সংঘটির নীতিমালা ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের কৃষি উন্নয়নে মানিক লালের উদ্যোগটি গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

দ্রষ্টব্য: সৈর্যাজিক অভিক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।

১. ফরমালিন দেয়া মাছ চেনার উপায় কোনটি?

- (ক) ফুলকা কালচে হয় (খ) আইশ খসে পড়ে
(গ) সতেজ দেখা যায় (ঘ) মাছে মাছি বসে

২. মিসেস ক্যাম্পবেল কত সালে থাকী ক্যাম্পবেল হাঁস উদ্ভাবন করেন?

- (ক) ১৮০১ (খ) ১৯০১ (গ) ১৯৭১ (ঘ) ২০০১

৩. আসিল জাতের মুরগির উৎপত্তিস্থল-

- i. ইংল্যান্ড ii. ভারত iii. বাংলাদেশ
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

❖ নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :

আলম সাহেব ডিম উৎপাদনের জন্য একটি খামার স্থাপন করলেন। খামারে তিনি বেশি ডিম উৎপাদনকারী উন্নতজাতের কিছু মুরগি পালন করতে লাগলেন যা ৫ থেকে ৬ মাসেই ডিম দিতে শুরু করল।

৪. আলম সাহেবের পালনকৃত জাত কোনটি?

- (ক) ব্রয়লার (খ) লেয়ার
(গ) সাসেক্স (ঘ) ব্রাহমা

৫. উদ্দীপকে উল্লিখিত মুরগির বৈশিষ্ট্য-

- i. চর্বি কম থাকে ii. ওজনে হালকা
iii. শারীরিক বৃদ্ধি বেশি
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. মুরগির ভাইরাসজনিত রোগ হলো-

- i. রাণীক্ষেত ii. ককসিডিওসিস
iii. বার্ড ফ্লু
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii

- (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. জার্সি জাতের গরুর উৎপত্তিস্থল কোথায়?

- (ক) ভারত (খ) হল্যান্ড
(গ) ইংল্যান্ড (ঘ) থাইল্যান্ড

৮. উন্নতজাতের মহিষের জাত-

- i. ডেভোন ii. নিলীরাভি iii. মুররা
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

❖ নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :

রনির গরু হঠাৎ করে লোম খাড়া হয়ে শরীরে খিচুনি দিয়ে পর পরই শ্বাসপ্রশ্বাস দ্রুত বেড়ে গিয়ে আকস্মিকভাবে মারা গেল। রোগটি যাতে না ছড়ায় সেজন্য প্রাণিসম্পদ কর্মকর্তা দ্রুত ব্যবস্থা গ্রহণ করলেন।

৯. উদ্দীপকে গরুটি কোন রোগে আক্রান্ত হয়েছিল?

- (ক) ক্ষুরা (খ) বাদলা (গ) তড়কা (ঘ) জলাতঙ্ক

১০. রনির গরুর রোগ প্রতিরোধের উপায় ছিল-

- i. টাটকা খাবার খাওয়ানো
ii. সুস্থ পশু পৃথকীকরণ
iii. প্রতিষেধক টিকা দেওয়া

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. দুধের ভেজাল নির্ণয়ের যন্ত্রের নাম কী?

- (ক) থার্মোমিটার (খ) হাইড্রোমিটার
(গ) লাইসিমিটার (ঘ) ল্যাক্টোমিটার

১২. কোনটি কুচে মুরগি?

- (ক) ডিম পাড়া (খ) তা দেওয়া
(গ) রোগাক্রান্ত (ঘ) সুস্থ

❖ নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :

কলেজের ছাত্রছাত্রীরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে, বসত বাড়ির আশেপাশে, রাস্তায় ও রেললাইনের ধারে অনেক গাছ লাগালো।

১৩. উদ্দীপকে কোন ধরনের বনের কথা বলা হয়েছে?

- (ক) পাহাড়ি (খ) সামাজিক
(গ) সমতলভূমির (ঘ) কৃষি

১৪. এ ধরনের বনের প্রয়োজনীয়তা-

- i. কর্মসংস্থান ii. বনজ সম্পদ সৃষ্টি
iii. পরিবেশের ভারসাম্য রক্ষা

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. পুনিং এর ফলে গাছের-

- i. ফুল ও ফল বৃদ্ধি পায়
ii. রোগাক্রান্ত অংশ ছেটে ফেলা হয়
iii. কাঠের পরিমাণ বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. বন বিভাগ কত সালে সর্বপ্রথম জাতীয় পর্যায়ে বৃক্ষমেলার প্রবর্তন করে?

- (ক) ১৯৯৪ (খ) ১৯৯৬
(গ) ১৯৯৮ (ঘ) ২০০০

১৭. বৃক্ষমেলার বৈশিষ্ট্য হলো-

- i. বিভিন্ন বৃক্ষের স্টল থাকে
ii. ফলদ ও ভেষজ চারা বিক্রি
iii. বিভিন্ন বৃক্ষের চারার সমারোহ

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. কৃষির সাথে সম্পৃক্ত সকল প্রকার অর্থনৈতিক কর্মকাণ্ডকে কী বলে?

- (ক) কৃষি অর্থনীতি (খ) কৃষি বাণিজ্য
(গ) কৃষি ব্যবস্থাপনা (ঘ) কৃষি উৎপাদন

❖ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :

একদিকে যেমন অনাবৃষ্টি অন্যদিকে তেমন ধানের ক্ষেতে মাজরা পোকের আক্রমণে দিশেহারা হয়ে

গোদা মিয়া ঋণের জন্য কৃষিব্যাংকের দ্বারস্থ হলেন।
১৯. কৃষিব্যাংক ছাড়া নিচের কোনটি প্রাতিষ্ঠানিক ঋণের উৎস?

- (ক) ফড়িয়া (খ) সরকার
(গ) মহাজন (ঘ) দোকানদার

২০. গোদা মিয়া ঋণ নিয়ে কিনবে-

- i. সেচ যন্ত্র ii. স্প্রে মেশিন
iii. পাওয়ার টিলার

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. নিম্নের কোনটি রাঙ্কুসে মাছ?

- (ক) চিতল (খ) গ্রাসকার্প
(গ) মিররকার্প (ঘ) স্বরপুটি

২২. নাইলোটিকা মাছ কোন দেশ থেকে বাংলাদেশে প্রথম আনা হয়?

- (ক) ভারত (খ) থাইল্যান্ড
(গ) মায়ানমার (ঘ) চীন

২৩. রাজপুটি মাছের বৈশিষ্ট্য-

- i. দুত বর্ধনশীল
ii. বর্ণ উজ্জ্বল ও রূপালী সাদা
iii. পিঠে ডোরাকাটা দাগ আছে

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

❖ নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :

হালিম একজন ধান চাষী। তিনি স্বাদু পানিতে ধান চাষ করেন। তিনি ধানের সাথে মাছ চাষের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তার পরামর্শ চাইলেন। তাকে চিংড়ি চাষের পরামর্শ দেওয়া হলো।

২৪. হালিমকে কোন প্রজাতির চিংড়ি নির্বাচন করতে হবে?

- (ক) বাগদা (খ) গলদা (গ) চাকা (ঘ) হরিণা

২৫. ধানক্ষেতে এ প্রজাতির চিংড়ি চাষের সুবিধা-

- i. ধানের ফলন কম হয় ii. আগাছা কম হয়
iii. উৎপাদন খরচ কম

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তরমালা

১	ক	২	খ	৩	গ	৪	ঘ	৫	ক	৬	খ	৭	গ	৮	গ	৯	গ	১০	গ	১১	ঘ	১২	খ	১৩	খ
১৪	ঘ	১৫	ঘ	১৬	ক	১৭	ঘ	১৮	ক	১৯	খ	২০	ঘ	২১	ক	২২	খ	২৩	ক	২৪	খ	২৫	গ		